



ডিসেম্বর ২০, ২০১৬

### প্রেস বিজ্ঞপ্তি

## নারীর প্রতি নিপীড়ন বন্ধের ও নারীর অধিকার প্রতিষ্ঠার সচেতনতামূলক ক্যাম্পেইন হিসেবে বস্তিবাসী নারীদের অংশগ্রহণে সখি ২য় নারী ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত

আজ ডিসেম্বর ২০, ২০১৬ ইং তারিখ বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) ও কড়াইল সেন্ট্রাল সিবিও এর যৌথ উদ্যোগে রোজ মঙ্গলবার দুপুর ২.১৫ টায় কড়াইলস্থ পল্লীবন্ধু এরশাদ স্কুল মাঠে বস্তিবাসী নারীদের অংশগ্রহণে ২য় সখি নারী ফুটবল টুর্নামেন্ট ২০১৬ - এর সমাপনী ম্যাচ এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। এ্যাঞ্সেসি অব দ্যা কিংডম অব দ্যা নেদারল্যান্ডস উক্ত টুর্নামেন্টে আর্থিক সহায়তা প্রদান করে।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের চেয়ারম্যান ও নারী শাখার প্রধান মাহফুজা আক্তার কিরণ। খেলায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ্যাঞ্সেসি অব দ্যা কিংডম অব দ্যা নেদারল্যান্ডস (ইকেএন) এর ফার্স্ট সেক্রেটারি এ্যানি ভেস্টজেন্স, এ্যাঞ্সেসি অব নেদারল্যান্ডসের হেড অব ইন্টারনাল এ্যাফেয়ার্স মিস জোস কনিং, কড়াইল সেন্ট্রাল সিবিও-এর সভাপতি সেলিনা আক্তার, কড়াইল সেন্ট্রাল সিবিও-এর প্রধান উপদেষ্টা চান মিয়া, কড়াইল সেন্ট্রাল সিবিও-এর উপদেষ্টা মাওলানা আবদুস সোবহান এবং মহাখালী সখি প্রকল্প সিসি কমিটির সভাপতি এস এস মাহমুদুল হাসান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্লাস্টের অনারারি নির্বাহী পরিচালক ব্যারিস্টার সারা হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সখি প্রকল্পের টিম লিডার ব্যারিস্টার নাজরানা ইমান এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন উই ক্যান- নারী মৈত্রীর ইনফরমেশন ফ্যাসিলিটিটর মারুফা আক্তার।

খেলায় অনিরুদ্ধ মহাখালী নারী দল ট্রাইবেকারে ২-১ গোলে দুরন্ত মহাখালীকে হারিয়ে শিরোপা অর্জন করে। খেলা শেষে আয়োজক কমিটির তত্ত্বাবধানে বিজয়ী ও বিজিত দল সহ সকল দলের খেলোয়াড়গণ সম্মানিত অতিথিদের হাত থেকে ট্রফি, মেডেল এবং সার্টিফিকেট গ্রহণ করে। পুরস্কার বিতরণীর পূর্বে সম্মানিত অতিথিবৃন্দ নারীর অধিকার ও ইচ্ছাপূরণ বিষয়ে বক্তব্য প্রদান করেন। বাংলাদেশ ফুটবল ফেডারেশনের চেয়ারম্যান ও নারী শাখার প্রধান মাহফুজা আক্তার কিরণ তার বক্তৃতায় বলেন যে, নারী ফুটবল সামনে এগিয়ে নিতে হবে। নারী ফুটবলারদের অনুশীলনে সহায়তার জন্য তারা সর্বোচ্চ চেষ্টা করবেন।

মূলত নারী অধিকার আন্দোলনকে বেগবান ও অব্যাহত রাখার লক্ষ্যে বস্তিবাসী নারীদের নিয়ে সখি নারী ফুটবল টুর্নামেন্ট আয়োজন করা হয়। বিভিন্ন গবেষণায় দেখা যায়, ঢাকা সহ দেশের বিভিন্ন মহানগরীর বস্তিসমূহে সবচেয়ে অবহেলিত ও বঞ্চিত জনগোষ্ঠী বসবাস করছে। বস্তিবাসী এ সকল জনগোষ্ঠী একদিকে যেমন চরম দরিদ্রতার শিকার, অন্যদিকে তারা বেঁচে থাকার ন্যূনতম অধিকার থেকেও বঞ্চিত। বস্তিবাসী পুরুষের তুলনায় নারীরা আরোও নাজুক অবস্থানে রয়েছে। বস্তিবাসী নারীরা অর্থনৈতিক ও স্বাস্থ্যগত অধিকার থেকে বঞ্চিত হবার পাশাপাশি নিজ সম্প্রদায় এবং পরিবারেও তারা প্রতিনিয়ত বৈষম্যের শিকার হচ্ছে। বর্তমানে বাংলাদেশে সমাজ ও পরিবারে নারী অধিকার সুরক্ষায় বেশ কিছু আইন ও নীতিমালা থাকা সত্ত্বেও নারীর প্রতি সহিংসতা অব্যাহত রয়েছে। লিঙ্গীয় বৈষম্য, পুরুষতান্ত্রিক মনোভাব এবং নারীর প্রতি নেতিবাচক মনোভাব প্রভৃতি কারণে নারী তার যথাযথ মর্যাদা ও অধিকার থেকে বঞ্চিত হচ্ছে। নারীর প্রতি সকল প্রকার বঞ্চনা ও বৈষম্যের বিরুদ্ধে ঢাকার মিরপুর, মহাখালী ও মোহাম্মদপুর এলাকার সখি প্রকল্পাধীন ১৫টি বস্তির কিশোরীদের নিয়ে উক্ত টুর্নামেন্ট আয়োজন করা হয়। উল্লেখ্য যে, উক্ত টুর্নামেন্টে ৬ টি দল থেকে ৯০ জন কিশোরী খেলোয়াড় অংশগ্রহণ করে।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩